



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গণযোগাযোগ অধিদপ্তর  
জেলা তথ্য অফিস  
নড়াইল।



[www.info.narail.gov.bd](http://www.info.narail.gov.bd)

নং ১৫.৫৬.৬৫০০.০০০.৯৯.০৩৭.১৫- (৫)


তারিখ : ২৮/০২/২০২১ খ্রি.

#### দরপত্র আহ্বান

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জেলা তথ্য অফিস, নড়াইল কর্তৃক নড়াইল জেলার ০৩টি স্থানে (নড়াইল জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখে, সদর উপজেলা পরিষদ চত্বর এবং সিভিল সার্জন কার্যালয়ের সম্মুখে) ০১ টি করে মোট ০৩ (তিন) টি ডিসপ্লে বোর্ডের স্থায়ী ফ্রেম নির্মাণের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত ঠিকাদার/ ওয়ার্কসপ মালিকের নিকট থেকে নিজস্ব প্যাডে সীলগালাকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী ০৪ মার্চ, ২০২১ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বক্সে গ্রহণ করা হবে।

#### শর্তাবলী

- ০১। ১৫ ফুট বাই ১০ ফুট সাইজের সংযুক্ত ডিজাইন অনুযায়ী লোহা/স্টিল দিয়ে ডিসপ্লে বোর্ডের স্থায়ী ফ্রেম নির্মাণ করতে হবে। ৪ ইঞ্চি ব্যাসের ২০ ফুট লম্বা লোহার পাইপের খুটির নিচের অংশে ৪ ফুট বাই ১.৫ ফুট বাই ১.৫ ফুট কংক্রিটের ঢালাই হবে। ফ্রেমের চার পাশে ২ ইঞ্চি বাই ২ ইঞ্চি এঞ্জেল (৫মি.মি.) মাঝের এঞ্জেলগুলি ১.৫ ইঞ্চি বাই ১.৫ ইঞ্চি (৪মি.মি.) এবং ২২ গেজি প্লেনসিট দিয়ে ডিসপ্লে বোর্ডের ফ্রেম নির্মাণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। ফ্রেমে ভালভাবে রং করতে হবে, যাতে মরিচা না ধরে।
- ০২। ফ্রেমে টান টান করে পিভিসি সাটানোর/ পরিবর্তনের ব্যবস্থা থাকতে হবে।
- ০৩। ফ্রেমের নিচে ছোট করে (সংযুক্ত ডিজাইন অনুযায়ী) প্লেনসিটে অফিসের নাম লেখার ব্যবস্থা রাখতে হবে।
- ০৪। দরপত্র সীলমোহরকৃত খামে ০৪ মার্চ, ২০২১ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বক্সে গ্রহণ করা হবে।
- ০৫। পিপিএ- ২০০৬ এবং পিপিআর- ২০০৮ (সর্বশেষ সংশোধিত) অনুসরণ করে নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।
- ০৬। দরপত্রের সাথে অবশ্যই প্রকৃত ঠিকাদার/ ওয়ার্কসপ মালিকের হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র (টিআইএন নম্বর), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দলিলাদি ও ব্যাংক সলভেন্সি সনদ এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ০৭। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৮। একক ও মোট দর কথায় ও অঙ্কে উল্লেখ করতে হবে।
- ০৯। দরপত্রে কোন রকম কাটাকাটি কিংবা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ১০। দরপত্র অবশ্যই জেলা তথ্য অফিসার, নড়াইল বরাবর দাখিল করতে হবে।
- ১১। কোন কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মো: ইব্রাহিম-আল-মামুন)  
তথ্য অফিসার  
নড়াইল

ফোন : ০৪৮১-৬২৪১৮

ই-মেইল: [dionarail2017@gmail.com](mailto:dionarail2017@gmail.com)

নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য বিতরণ:

০১. জেলা প্রশাসক, নড়াইল এর নোটিশ বোর্ড-০১ (এক) কপি।
০২. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল এর নোটিশ বোর্ড-০১ (এক) কপি।
০৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নড়াইল এর নোটিশ বোর্ড-০১ (এক) কপি।
০৪. জেলা তথ্য অফিস, নড়াইল এর নোটিশ বোর্ড-০১ (এক) কপি।
০৫. অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা তথ্য অফিস, নড়াইল। ( দরপত্র বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের জন্য)